## সম্পাদকীয়

করিমপুর পান্নাদেবী কলেজের ‘রিসার্চ অ্যান্ড পাবলিকেশন সাব কমিটি’-র উদ্যোগে প্রকাশিত হল ‘Belles-Lettre, Vol-2’। গত বছর অর্থাৎ ২০২৩-এ প্রকাশিত প্রথম সংখ্যার সাফল্যকে মাথায় রেখেই এবারেও এই প্রয়াস নেওয়া হয়েছে। মাল্টিডিসিপ্লিনারি হবার কারণে বিভিন্ন বিষয়কে এক মলাটের ভেতর নিয়ে আসা বেশ কঠিন। তবে এর সুষ্ঠূ সমাধানও করা গেছে। করিমপুর পান্নাদেবী কলেজ এবং অন্যান্য কলেজ এবং বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ও অধ্যাপিকাদের গুরুত্বপূর্ণ গবেষণাধর্মী প্রবন্ধগুলি আমরা গ্রহণ করেছি। পাশাপাশি বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের গবেষক ও গবেষিকাদের গবেষণাধর্মী প্রবন্ধও এই গ্রন্থে সংকলিত হয়েছে। সম্পূর্ণ গ্রন্থে গবেষণা পদ্ধতিকে যথাযথভাবে মান্যতা দেওয়া হয়েছে। সামগ্রিক কাজটিতে সহায়তা পেয়েছি ‘সেমিনার/ওয়েবিনার অর্গানাইজেশন সাব কমিটি’-র। বিশেষ কৃতজ্ঞতা জানাই IQAC-কে। সহ-সম্পাদক ড. নয়ন সরকারকেও আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। কাঙ্ক্ষিত লক্ষ্য পূরণ হলেই এহেন প্রয়াস সার্থক হবে।

২৪ জুন, ২০২৪
করিমপুর

ধন্যবাদ সহ,
ড. মহম্মদ লতিফ হোসেন